

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২৮

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (کتاب السیر)

পরিচ্ছেদঃ ৪৯. (গণীমাতের মাল) আত্মসাৎ করার শাস্তি সম্পর্কে

بَابِ فِي عُقُوبَةِ الْغَالِّ

## আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ مُحَمَّدٍ عَنْ صَالِحٍ بْنِ مُحَمَّدِ بْنِ زَائِدَةً عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ وَجَدْتُمُوهُ غَلَّ فَاصْرِبُوهُ وَأَحْرِقُوا مَتَاعَهُ

## বাংলা

২৫২৮. আবদুল্লাহ্ ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর পিতা 'উমার ইবনুল খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "গণীমতের মাল আত্মসাৎকারী পেলে তোমরা তাকে মারধর করবে এবং তার সমস্ত মালামাল জ্বালিয়ে দেবে।"[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ যয়ীফ, সালিহ ইবনু মুহাম্মদ ইবনু যায়িদাহ'র দুর্বলতার কারণে।

তাখরীজ: আহমাদ ১/২২; আবূ দাউদ, জিহাদ ২৭১৩; তিরমিয়ী, হুদূদ ১৪৬১; ইবনু মানসূর নং ২৭২৯; ইবনু আবী শাইবা ১০/৫২ নং ৮৭৩৯ ও ১২/৪৯৬-৪৯৭ নং ১৫৩৮৯; ইবনু আদী, আল কামিল ৪/১৩৪১, ১৩৭৭।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন